
## মিডিয়া বিজ্ঞপ্তি:

## রাখাইন শরণার্থীদের সহযোগিতার জন্য রেড ক্রিসেন্ট সোসাইটিকে অনুদান দিল সামিট



ফটো ক্যাপশন: বাংলাদেশে ফিনল্যান্ডের অনারারি কনস্যুল জেনারেল ও সামিট গ্রুপের চেয়ারম্যান মুহাম্মদ আজিজ খান বাংলাদেশ রেড ক্রিসেন্ট সোসাইটিকে ২০ লাখ টাকা অনুদান দিলেন। কক্সবাজারের কুতুপালংয়ে অবস্থিত রেড ক্রস-রেড ক্রিসেন্ট (আরসিআরসি) এমার্জেন্সী হসপিটালে বাংলাদেশ রেড ক্রিসেন্ট সোসাইটির প্রজেক্ট ম্যানেজার নুক্রন নবী এই অনুদান গ্রহণ করেন।

(কক্সবাজার, বাংলাদেশ) সেপ্টেম্বর ২৯, ২০১৮: বাংলাদেশ এবং ভারতে ফিনল্যান্ডের রাষ্ট্রদূত নিনা ভাসকুনলাহতি, মায়ানমারে ফিনল্যান্ডের রাষ্ট্রদূত রিকা লাতু, বাংলাদেশে ফিনল্যান্ডের অনারারি কনস্যুল জেনারেল ও সামিট গ্রুপের চেয়ারম্যান মুহাম্মদ আজিজ খান, ফিনল্যান্ড দূতাবাসের সেকেন্ড সেক্রেটারি নেইলি মিকোলা এবং অন্যান্য উর্ধ্বতন কর্মকর্তাগণ কুতুপালংয়ে অবস্থিত রেড ক্রস-রেড ক্রিসেন্ট (আরসিআরসি) এমার্জেন্সী হসপিটাল এবং রোহিঙ্গা শরণার্থী শিবির পরিদর্শন করেন।

এই পরিদর্শন সম্পর্কে নিনা ভাসকুনলাহতি বলেন, "এই পরিদর্শনের একটি মুখ্য উদ্দেশ্য ছিল কক্সবাজারে ফিনিশ রেড ক্রস দ্বারা পরিচালিত রেড ক্রস ফিল্ড হসপিটাল পরিদর্শন করা। এছাড়াও ফিল্ড ক্লিনিকের কার্যক্রমসমূহের সাথে নিজেদের পরিচিত করা সহ আমরা সেখানকার আন্তর্জাতিক সংস্থাসমূহের প্রতিনিধিগণ, রোহিঙ্গা এবং শিবিরের বর্তমান অবস্থা জানতে এই অঞ্চলে সরেজমিনে গিয়ে সংশ্লিস্ট কর্তৃপক্ষের সাথে আলোচনা করেছি। রোহিঙ্গাদের জন্য এই অমূল্য কাজের জন্য আমি বাংলাদেশের সরকারকে প্রশংসা জানাই"।

## বিস্তারিত তথ্যের জন্য:

মোহসেনা হাসান | ই: mohsena.hassan@summit-centre.com | মো. +৮৮০১৭১৩০৮১৯০৫